

স্মারক নং- ইআবি/একা-১৬/কা.ভর্তি/২০১৬/৪৪৪২

তারিখ: ২৭/১২/২০১৬ খ্র.

কামিল (২ বছর মেয়াদী) শ্রেণিতে ২য় পর্বে ভর্তি ফি' (সেশন ফি') জমাদান সংক্রান্ত বিজ্ঞপ্তি

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ে প্রাথমিক পাঠদানের অনুমতিপ্রাপ্ত ও অধিভুক্ত সকল কামিল মাদরাসার অধ্যক্ষগণসহ সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষের কামিল (২ বছর মেয়াদী) ১ম পর্ব পরীক্ষা-২০১৬ এ উত্তীর্ণ শিক্ষার্থীদের নিম্নবর্ণিত তফসিল অনুসারে কামিল ২য় পর্বে ভর্তি কার্যক্রম শুরু করতে হবে :

তফসিল:

(ক) ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষে কামিল (২ বছর মেয়াদী) শ্রেণিতে ভর্তিকৃত ছাত্র-ছাত্রীদের কামিল ১ম পর্ব পরীক্ষা-২০১৬ এর ফলাফল প্রকাশের ১ মাসের মধ্যেই কামিল মাদরাসাসমূহ তাদের স্ব স্ব মাদরাসার সংশ্লিষ্ট ছাত্র-ছাত্রীদের নিম্নবর্ণিত সেশন ফি'সহ অন্যান্য ফি' আদায় স্বাপেক্ষে কামিল ২য় পর্বের ভর্তির কাজ সম্পন্ন করতে হবে। আদায়কৃত ফি' নিম্নে উল্লেখিত ব্যাংকে জমা দিয়ে এর ব্যাংক অনলাইন / টি.টি, রশিদ পরবর্তী ০৭ কার্যদিবসের মধ্যে বিশ্ববিদ্যালয়ে জমা দিতে হবে।

(খ) ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষের ১ম পর্ব কামিল (২ বছর মেয়াদী) শ্রেণিতে ভর্তিকৃত ছাত্র-ছাত্রীদের কামিল ২য় পর্বের সেশন ফি' নিম্নরূপভাবে নির্ধারণ করা হলো। উক্ত ফি' সমূহের মধ্যে সেশন ফি' ও ক্রীড়া ফি' বাবদ আদায়কৃত অর্থের ৫০% অর্থ মাদরাসা পাবে এবং অবশিষ্ট ৫০% অর্থসহ অন্যান্য ফি' বিশ্ববিদ্যালয়ে জমা দিতে হবে।

শ্রেণী	ভর্তি ফি' (সেশন ফি')	ক্রীড়া ফি'	রোভার স্কাউটস /বি.এন.সি.সি ফি'
কামিল	৩০০/-	৫০/-	২৫/-

(গ) স্ব স্ব মাদরাসা কর্তৃপক্ষ সংশ্লিষ্ট ছাত্র-ছাত্রীদের কামিল (২ বছর মেয়াদী) ২য় পর্বে ভর্তি সম্পন্ন হওয়ার ঠিক পরের দিনই আদায়কৃত ফি' সমূহ {সেশন ফি' ও ক্রীড়া ফি' বাবদ আদায়কৃত অর্থের ৫০% অর্থসহ অন্যান্য ফি' অর্থাৎ প্রতি ছাত্র-ছাত্রী ২০০/- (দুইশত) টাকা হারে} রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা- এর হিসাব নম্বর : (STD) 0200004383365 অগ্রণী ব্যাংক, সাত মসজিদ রোড শাখা-এর অনুকূলে {অগ্রণী ব্যাংকের অনলাইন ব্যাংকিং/ টি.টি.(যেখানে অনলাইন ব্যাংকিং নেই) ছাড়া অন্য কোন ব্যাংকের ড্রাফট/টি.টি গ্রহণ করা হবে না} জমা দিতে হবে। উক্ত অনলাইন ব্যাংকিং/ টি.টি. রশিদের সাথে ভর্তিকৃত শিক্ষার্থীদের তালিকাও জমা দিতে হবে।

(ঘ) কামিল (২ বছর মেয়াদী) শ্রেণিতে রেজিস্ট্রেশন প্রাপ্ত যে সকল ছাত্র-ছাত্রী কামিল ১ম পর্ব পরীক্ষা-২০১৬ এ অংশগ্রহণ করেনি বা অংশগ্রহণ করে অনুত্তীর্ণ হয়েছে সে সকল ছাত্র-ছাত্রীকেও পরবর্তী শিক্ষাবর্ষে (Immediate Year) (রেজিস্ট্রেশনের মেয়াদ থাকা স্বাপেক্ষে) বিধি অনুযায়ী উপরোক্ত ফি' প্রদান {প্রতি ছাত্র-ছাত্রী ২০০/- (দুইশত) টাকা হারে} স্বাপেক্ষে কামিল (২ বছর মেয়াদী) ১ম পর্বে পরীক্ষার ফলাফল প্রকাশের ১ (এক) মাসের মধ্যে ভর্তি হতে হবে এবং ভর্তিকৃত ছাত্র-ছাত্রীদের তালিকাসহ আদায়কৃত অর্থ ব্যাংকে জমা দিয়ে ব্যাংক অনলাইন মূল স্লিপ ০৭ কার্যদিবসের মধ্যে অত্র বিশ্ববিদ্যালয়ের বহিলা, মোহাম্মদপুরস্থ অস্থায়ী কার্যালয়ের একাডেমিক শাখায় সরাসরি জমা দিতে হবে।

(ঙ) সকল ছাত্র-ছাত্রীর আদায়কৃত ফি' সমূহ একটি ব্যাংক স্লিপের মাধ্যমে জমা দেওয়া যাবে, তবে শিক্ষাবর্ষ অনুযায়ী ছাত্র-ছাত্রীদের তালিকা (টেলিস্ট) আলাদা আলাদা করে জমা দিতে হবে।



রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

- ১। পরীক্ষা নিয়ন্ত্রক (ভারপ্রাপ্ত), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
- ২। দপ্তর প্রধান, অর্থ ও হিসাব শাখা, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
- ৩। সেকশন অফিসার, (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
- ৪। আই.সি.টি শাখা, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
- ৫। অফিস নথি।